

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 01-01-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

New Year...

শুরু হল ইংরেজি নতুন বছর ২০২৫ খ্রিষ্টাব্দ। গতকাল মধ্যরাতে বিশ্ব বাসীর সঙ্গে রাজ্যবাসীও নতুন বছরকে বরণ করে নেনা এর জন্য বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঘড়ির কাঁটা ধরে রাত ১২ টায় নতুন বছর শুরু হতেই প্রচুর বাজি পটকা, আতসবাজি পুড়িয়ে আনন্দে মেতে ওঠেন সকলে। রাজধানী আগরতলাতেও প্রচুর বাজি পোড়ানো হয়। নতুন বছর উদযাপনে আজও বিভিন্ন সংস্থার উদ্যোগে রাজ্যের বিভিন্ন স্থানে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে জানা গেছে।

Tourism .

রাজ্যে পর্যটন শিল্পকে আরও আকর্ষণীয় করে তোলার উদ্দেশ্যে রাজ্য পর্যটন দপ্তরের উদ্যোগে আজ আগরতলার উজ্জ্বয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে ১৭ আসনের বাস পরিষেবা চালু করা হবে। এছাড়া প্যাডেল বোটও নামানো হবে। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ বিকেলে এই পরিষেবার সুচনা করবেন।

অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটি:

অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির পক্ষ থেকে ইংরেজি নববর্ষে ২০২৫ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানানো হয়েছে । কমিটির

পক্ষ থেকে এক বিবৃতিতে নতুন বছরে রাজ্যবাসীর জন্য শান্তি, সম্প্রীতি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করা হয়েছে।

Agartala Book Fair.

আগামীকাল ২রা জানুয়ারি থেকে আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে মননের উৎসব ৪৩তম আগরতলা বইমেলা। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল বিকাল পাঁচটায় বইমেলায় উদ্বোধন করবেন। ১৩ দিনব্যাপী আগরতলা বইমেলা চলবে ১৪ জানুয়ারি পর্যন্ত। প্রতিদিন বইমেলা চলবে দুপুর ২টা ৩০ মিনিট থেকে রাত ৯টা পর্যন্ত। ছুটির দিনগুলিতে বইমেলা শুরু হবে দুপুর ২টায়। মেলা চলবে রাত ৯টা ৩০ মিনিট পর্যন্ত। বইমেলায় বই প্রেমীদের যাতায়াতের জন্য আগরতলার বিভিন্ন প্রান্ত থেকে বিনামূল্যে বাস পরিষেবার ব্যবস্থা করা হয়েছে।

CPIM – Conferenc :

সি পি আই এমের উত্তর ত্রিপুরা জেলা সম্মেলন গতকাল ধর্মনগর বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়। জেলা সম্মেলনের প্রধান বক্তা প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন কাজকর্মের সমালোচনা করে বক্তব্য রাখেন। তিনি অভিযোগ করেন, সরকার লাভজনক সংস্থাগুলিকে পুঁজিপতিদের হাতে তুলে দিচ্ছে। উপস্থিত ছিলেন বিধায়ক ইসলামউদ্দিন, শৈলেন চন্দ্রনাথ, সিপিআইএম নেতা অঘোর দেববর্মা, তপন চক্রবর্তী, পবিত্র কর, রাজেন্দ্র রিয়াং, অমিতাভ দত্ত, বিজিতা নাথ প্রমুখ।

কল্পতরু উৎসব:

আজ শ্রী রামকৃষ্ণ পরমহংস দেবের কল্পতরু উৎসব। রাজ্যেও রামকৃষ্ণ মঠ ও মিশনের উদ্যোগে এই উৎসব পালনের আয়োজন করা হয়েছে।

C.M greetings...

নতুন বছরে এক শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন পুরনে বছরের অভিজ্ঞতা কে পাথেও করে নতুন বছর রাজ্যবাসীর সুখ সমৃদ্ধির জন্য রাজ্য সরকার কাজ করে যাওয়ার অঙ্গিকারবদ্ধ। গতকাল তিনি এক ভিডিও বার্তায় রাজ্যবাসীর প্রতি শুভেচ্ছা জানিয়েছেন।

Recover of yaba :

মুম্বাই - আগরতলা এক্সপ্রেস ট্রেনে তল্লাশি করে রেলওয়ে প্রোটেকশন ফোর্স বা আরপিএফ ৫০ লক্ষ টাকার নেশাদ্রব্য উদ্ধার করেছে। আরপিএফের কমান্ডেন্ট বিকে সিনহা জানান, গতকাল সন্ধ্যায় ট্রেনে এক যুবকের ব্যাগে তল্লাশি করে ২০০ প্যাকেটে ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Kumbh Mela :

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে আগামী ১৩ই জানুয়ারি থেকে ২৬শে ফেব্রুয়ারি পর্যন্ত আসন্ন মহা কুম্ভ মেলা উপলক্ষ্যে ভারতীয় রেলওয়ে তিন হাজার বিশেষ ট্রেন চালাবে, যার মধ্যে ৫৬০টি

ট্রেন রিং রেলে চলবে। উত্তর মধ্য রেলওয়ের মহাব্যবস্থাপক উপেন্দ্র চন্দ্র জোশী সাংবাদিকদের জানিয়েছেন, প্রয়াগরাজের নয়টি রেলস্টেশনে মোট ৫৬০টি টিকিট কাউন্টার বসানো হচ্ছে। তিনি জানান, এই কাউন্টার থেকে প্রতিদিন প্রায় ১০ লক্ষ টিকিট দেয়া যাবে। মহা কুস্ত মেলাকে সামনে রেখে রেলওয়ে এখন ১৫ দিন আগে রেলের টিকিট দেওয়ার সুবিধা প্রদান শুরু করেছে।

Income Tax :

কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদ বিলম্বিত এবং ২০২৪-২৫ মূল্যায়ণ বছরের জন্য সংশোধিত আয়ের রিটার্ন জমা দেওয়ার সময় আগামি ১৫ জানুয়ারী পর্যন্ত বৃদ্ধি করেছে। গতকাল ছিলো করদাতাদের বিলম্বিত এবং সংশোধিত আয়কর রিটার্ন দাখিলের শেষ দিন।

Weather :

আজ ভোরের আকাশ কুয়াশাচ্ছন্ন । আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রী এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.১ ডিগ্রী সেলসিয়াস ।
